

তারিখ: ১৮/০৯/২০২৫ খ্রি.

১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কার্যক্রমে রাজামাটি সরকারি কলেজে ভর্তির লক্ষ্যে প্রাথমিক আবেদন করতে আগ্রহী শিক্ষার্থীকে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে আবেদন ফরম পূরণ করে প্রিন্টকপি সংগ্রহ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

১। অনলাইনে প্রাথমিক আবেদনের সময়সীমা : ১৮/০৯/২০২৫ হতে ১৫/১০/২০২৫ খ্রি.

২। আবেদনের যোগ্যতা:

- (ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ২০২০/২০২১/২০২২ সালের SSC বা সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে ২.০ এবং ২০২২/২০২৩/২০২৪ সালের HSC বা সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ কমপক্ষে ২.০ প্রাপ্ত হতে হবে।
- (খ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ ১ এর (ক) নং শর্তপূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- (গ) ২০২০/২০২১/২০২২ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে “বি” গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩/২০২৪ সালের A-Level পরীক্ষায় ১টি বিষয়ে “বি” গ্রেডসহ কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণরা অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবরে সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, পাসপোর্ট সাইজের ২কপি সত্যায়িত ছবি ও সমতা নিরূপণের কপি জমা দিবে।
- (ঘ) বিদেশী সার্টিফিকেটধারী প্রার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক SSC/HSC পর্যায়ে নম্বরপত্র সমতা নিরূপণ করা করা হলে তারাও অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবরে সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন প্রেরণ করবে। আবেদনপত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম, মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। এছাড়া সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, পাসপোর্ট সাইজের ছবি ২কপি ও সমতা নিরূপণের কপি দাখিল করতে হবে।
- (ঙ) স্নাতক (পাস/সমমান) পর্যায়ে নিয়মিত/প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত কোন শিক্ষার্থী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) নিয়মিত কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করা যাবে। দ্বিতীয় ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩। আবেদন সম্পর্কিত করণীয়:

- (ক) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এর Degree Pass Tab এ গিয়ে Apply Now (Degree Pass) অপশন ক্লিক করতে হবে এবং SSC ও HSC পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষা বোর্ড, পাশের সন, মোবাইল নম্বরসহ প্রদর্শিত তথ্য সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।
- (খ) রঙিন ছবি (120×150 pixels, image type: jpg এবং maximum file size: 50kb) Scan করে আপলোড করতে হবে।
- (গ) ছবি ও চাহিত তথ্য এন্ট্রি দেয়ার পর Submit Application সিলেক্ট করতে হবে এবং সাদা কাগজে (A-4 সাইজ) প্রিন্টকপি সংগ্রহ করবে।

৪। প্রাথমিক আবেদন ফি পরিশোধ:

- (ক) শিক্ষার্থীকে আগামী ১৮/০৯/২০২৫ হতে ১৫/১০/২০২৫ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে আবেদন ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা পরিশোধ করতে হবে।

User Name: rangamatistudent এবং **Password:** rangamatistudent

- (খ) Apply for Application Form এর Select application group থেকে Admission Degree, NU Admission Roll, Student Name, Mobile Number এন্ট্রি দিয়ে Submit এ ক্লিক করতে হবে।
- (গ) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2024-2025, Class Roll/Admission Roll -এ NU Admission Roll এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।
- (ঘ) Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
- (ঙ) সর্বশেষ শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর NU Admission Roll এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।


অধ্যক্ষ
১৮/০৯/২০২৫

রাজামাটি সরকারি কলেজ
রাজামাটি পার্বত্য জেলা


১৮.০৭.২০২৫

আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি/২০২৪-২৫
রাজামাটি সরকারি কলেজ

- ১। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাজামাটি সরকারি কলেজ, রাজামাটি;
- ২। আহ্বায়ক, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তি কমিটি, রাজামাটি সরকারি কলেজ, রাজামাটি;
- ৩। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাজামাটি সরকারি কলেজ, রাজামাটি;
- ৪। ডাটা এন্ট্রি অপারেটর, রাজামাটি সরকারি কলেজ, রাজামাটি। তাঁকে বিজ্ঞপ্তিটিকে কলেজের ওয়েবসাইটে আপলোড করতে নির্দেশ দেয়া গেল;
- ৫। সংরক্ষণ নথি।